# বার্ষিক প্রতিবেদন ২০১৭-২০১৮



## বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

### জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

# বার্ষিক প্রতিবেদন

## ২০১৭ - ২০১৮ অর্থ বছর

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ
সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা-১২৩০
bpi.gov.bd

সম্পাদনায় : সানজিদা সোবহান
পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ),
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
: মোঃ সাহিদুজ্জামান
ঊর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট
: দিলারা পারভীন
সহকারী পরিচালক (প্রশাসন শাখা)
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

প্রকাশনায় : **বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট**
**জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ**
**সেক্টর - ৮, প্লট - ৫এ, উত্তরা মডেল টাউন, ঢাকা - ১২৩০**
**ফোন : ৮৮০-২-৮৯৩৩৩৩৫, ফ্যাক্স : ৮৮০-২-৮৯৩৩৩৩৬**
**ওয়েব সাইট: bpi.gov.bd**

**প্রকাশকাল : অক্টোবর, ২০১৮**

## প্রসঙ্গ কথা

বাংলাদেশ ইতোমধ্যে নিম্ন আয়ের দেশ হতে মধ্যম আয়ের দেশে উন্নীত হওয়ার পথে। বাংলাদেশের মতো দেশের ক্রমবর্ধমান সামগ্রিক উন্নয়নে জ্বালানি শক্তির ভূমিকা অপরিসীম। সাম্প্রতিক বছরগুলোতে বাংলাদেশে জ্বালানির চাহিদা ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। এই চাহিদা পূরণে বিপিআই জ্বালানি (তেল, গ্যাস ও কয়লা) ও খনিজ সম্পদ খাতে রাষ্ট্রীয় মালিকানাধীন সংস্থায় কর্মরত পেশাজীবী কর্মকর্তা/কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান করে কর্মদক্ষ জনবল গঠনের মাধ্যমে জ্বালানি ও খনিজ সম্পদ খাতের কর্মদক্ষতা বৃদ্ধিতে সহায়তা করে আসছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট বর্তমান সময়ের প্রাসঙ্গিক ও বাস্তবমুখী প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দেশের জ্বালানি ও খনিজ সম্পদ অনুসন্ধান, উৎপাদন, বন্টন, ব্যবস্থাপনা ও উন্নয়নে ভূমিকা রাখে। বিপিআই দৃঢ়ভাবে বিশ্বাস করে যে প্রশিক্ষণ ও কর্মশালার মাধ্যমে দক্ষ জনবল তৈরী ও উন্নয়ন সাধন সম্ভব। দক্ষ জনবলই একটি সংস্থার/প্রতিষ্ঠানের প্রকৃত সম্পদ। বিগত কয়েক বছরের মধ্যে ২০১৭-১৮ অর্থ বছরে সবচেয়ে বেশি পরিমাণ প্রশিক্ষণার্থী বিপিআই কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণ করেন। আমরা আশা করছি আগামীতে বিপিআই কর্তৃক অনুষ্ঠিতব্য বিভিন্ন প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীর সংখ্যা ক্রমান্বয়ে বৃদ্ধি পাবে। জ্বালানি ও খনিজ সম্পদ খাতে উন্নয়নের লক্ষ্যে প্রশিক্ষণ, কর্মশালা ও গবেষণার মানকে আন্তর্জাতিক পর্যায়ে উন্নীত করা ও গ্রহণযোগ্যতা অর্জনে বিপিআই সর্বদা অবিচল থাকবে।

মোঃ ওয়াছিম জাব্বার
মহাপরিচালক
বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই)

# সূচিপত্র


| ক্রমিক নং | পরিচ্ছেদ | | বিষয় | পৃষ্ঠা নং |
|---|---|---|---|---|
| ১। | প্রথম পরিচ্ছেদ | : | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট পরিচিতি | ০১ |
| ২। | দ্বিতীয় পরিচ্ছেদ | : | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট - এর জনবল কাঠামো | ০৫ |
| ৩। | তৃতীয় পরিচ্ছেদ | : | প্রশিক্ষণ চিত্র জুলাই ২০১৭-জুন ২০১৮ | ০৭ |
| | | | চিত্রে বিপিআই কর্তৃক বাস্তবায়িত প্রশিক্ষণ কার্যক্রম | ১১ |
| | | | চিত্রে বিপিআই কর্তৃক বাস্তবায়িত কর্মশালা | ১২ |
| | | | চিত্রে বিপিআই কর্তৃক বাস্তবায়িত অন্যান্য কার্যক্রম | ১৩ |
| ৪। | চতুর্থ পরিচ্ছেদ | : | বাজেট ও হিসাব (জুলাই ২০১৭ - জুন ২০১৮ অর্থ বছর ) | ১৫ |
| ৫। | পঞ্চম পরিচ্ছেদ | : | বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট - এর অর্জন ও ভবিষ্যৎ পরিকল্পনা | ১৮ |
| ৬। | | | উপসংহার | ২০ |

# প্রথম পরিচ্ছেদ
## বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট

ভূমিকা

১৯৮১ সালের জানুয়ারি মাসে বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীনে উন্নয়ন প্রকল্প হিসাবে ''বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট'' নামে এ প্রতিষ্ঠানের যাত্রা শুরু হয়। ১৯৮১-৯২ এবং ১৯৯২-৯৬ সময়কালে দুই পর্যায়ে ইউএনডিপি, নোরাড ও বাংলাদেশ সরকারের অর্থায়নে প্রকল্পটি বাস্তবায়ন করা হয় এবং উল্লিখিত সময়ে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর নিজস্ব ভবনটি বাংলাদেশ সরকারের অর্থায়নে নির্মাণ করা হয়। পরবর্তীতে "বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট আইন-২০০৪" দ্বারা বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ-এর অধীনে একটি সংবিধিবদ্ধ সংস্থা হিসেবে আত্মপ্রকাশ করে। তেল, গ্যাস ও খনিজ খাতে কর্মরত কর্মকর্তা ও পেশাজীবীদের কারিগরি, প্রশাসনিক ও আর্থিক বিষয়ে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনবল সৃষ্টি, উচ্চতর গবেষণা, পেট্রোলিয়াম সংশ্লিষ্ট বিষয়ে যাবতীয় উপাত্তের সমন্বয়ে একটি ব্যবস্থাপনা ডাটা ব্যাংক এবং সংশ্লিষ্ট বিষয়ে সরকারকে পরামর্শ প্রদান করা বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর উদ্দেশ্য। বিপিআই ভবনটি উত্তরা মডেল টাউনে অত্যন্ত মনোরম পরিবেশে অবস্থিত। সম্প্রতি বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের মূল ভবনটি সংস্কার, মেরামত ও আধুনিকায়ন করার মাধ্যমে অধিকতর মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে (বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট) সহায়ক পরিবেশ তৈরীতে সক্ষমতা অর্জন করেছে।

বিপিআই এর পরিচালনা ব্যয় সরকারের রাজস্বখাত, পেট্রোবাংলা ও বিপিসি হতে অনুদান হিসেবে প্রাপ্ত অর্থ দ্বারা নির্বাহ করা হয়। এ ছাড়া প্রশিক্ষণ ও অন্যান্য খাত হতে প্রাপ্ত অর্থ দ্বারাও বিপিআই এর ব্যয় নির্বাহ করা হয়। তেল, গ্যাস ও খনিজ খাতে কর্মরত পেশাজীবী কর্মকর্তা/কর্মচারীগণকে প্রশিক্ষণ প্রদান, গবেষণা ও উন্নয়ন কার্যাদি এবং শিক্ষামূলক সমন্বিত সমীক্ষা পরিচালনা, প্রযুক্তি হস্তান্তর ত্বরান্বিতকরণ ও প্রযুক্তির উৎকর্ষ সাধন ইত্যাদি কার্যাদি বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের নিকট ন্যস্ত করা হয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের কর্মকান্ড ১০ সদস্য বিশিষ্ট গভর্নিং বোর্ডের নির্দেশনা মোতাবেক পরিচালিত হচ্ছে। প্রতিবেদনাধীন সময়ে বিপিআই গভর্নিং বোর্ডের ০৪(চার)টি বোর্ড সভা অনুষ্ঠিত হয়েছে।

রূপকল্প (Vision)

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটকে আন্তর্জাতিকভাবে স্বীকৃত মানের সেন্টার অফ এক্সেলেন্স (Centre of Excellence) হিসাবে গড়ে তোলা।

অভিলক্ষ্য (Mission)

তেল, গ্যাস ও খনিজ সম্পদ খাতে মানসম্পন্ন প্রশিক্ষিত মানব সম্পদ তৈরী।
কৌশলগত উদ্দেশ্যসমূহ:

১. মানসম্পন্ন প্রশিক্ষণের মাধ্যমে মানবসম্পদ উন্নয়ন
২. ওয়ার্কসপ/সেমিনার আয়োজন
৩. তেল, গ্যাস ও খনিজ সম্পদ বিষয়ে গবেষণা ও উন্নয়ন

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর উপর অর্পিত কার্যাবলি-

(ক) তেল, গ্যাস ও খনিজ সম্পদ খাতের সকল পেশাজীবী ও কর্মকর্তার উচ্চতর প্রশিক্ষণ, উক্ত খাতের গবেষণা ও উন্নয়ন এবং শিক্ষা বিষয়ক কর্মকান্ড পরিচালনা ও ক্রমান্বয়ে এই সকল কর্মকান্ডের মান আন্তর্জাতিক পর্যায়ে উন্নীতকরণের লক্ষ্যে উপযোগী স্থাপনাদি উন্নয়ন ও সুযোগ সৃষ্টি এবং সংশ্লিষ্ট বিষয়ে উপাত্ত সংগ্রহ, সংরক্ষণ ও প্রকাশ করা;

(খ) তেল, গ্যাস ও খনিজ অনুসন্ধান কাজের সাথে সংশ্লিষ্ট সমীক্ষা, পরীক্ষা, উপাত্ত প্রক্রিয়াকরণ, বিশ্লেষণ ইত্যাদি পরিচালনা এবং এতদসংক্রান্ত গবেষণা পরিচালনা করা;

(গ) বিভিন্ন দেশীয় ও আন্তর্জাতিক পর্যায়ের সরকারি, বেসরকারি সংস্থা ও বিভিন্ন প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ স্থাপন এবং ইন্সটিটিউটের কর্মকান্ডের ক্ষেত্রে আন্তর্জাতিক গ্রহণযোগ্যতা অর্জন ও স্বীকৃতি লাভের জন্য যৌথ কর্মসূচি গ্রহণ করা;

(ঘ) আধুনিক তথ্য প্রযুক্তির সাহায্যে তেল, গ্যাস ও খনিজ বিষয়ক একটি জাতীয় তথ্য ব্যাংক স্থাপন এবং ইন্সটিটিউট-কে পেট্রোলিয়াম ও খনিজ সম্পদ সেক্টরের রেফারেন্স কেন্দ্র হিসাবে প্রতিষ্ঠা করা;

(ঙ) জাতীয় তথ্য ব্যাংকে সংগৃহীত ও সংরক্ষিত বিভিন্ন উপাত্ত, প্রতিবেদন সংক্রান্ত তথ্য প্রকাশ ও বিক্রয় করা;

(চ) ইন্সটিটিউট কর্তৃক প্রদত্ত সার্ভিস ও ইন্সটিটিউট পরিচালিত যাবতীয় কর্মকান্ডের জন্য গভর্নিং বোর্ড কর্তৃক ধার্যকৃত ও অনুমোদিত হারে ''ফি''গ্রহণ করা;

(ছ) ইন্সটিটিউটের প্রশিক্ষণ, গবেষণা ও উন্নয়ন কর্মকান্ডের জন্য প্রয়োজনীয় পরীক্ষাগার, ওয়ার্কশপ, ডরমিটরি ও অন্যান্য সুবিধাদি স্থাপন এবং রক্ষণাবেক্ষণ করা ও প্রাতিষ্ঠানিক উৎকর্ষ সাধনে বিশ্বের অন্যত্র পরিচালিত অনুরূপ ইন্সটিটিউটের সাথে যোগাযোগ ও সম্পর্ক স্থাপন করা।

গভর্নিং বোর্ড

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) এর কর্মকান্ড নিম্নবর্ণিত ১০ (দশ) জন বোর্ড সদস্যদের নির্দেশনা মোতাবেক পরিচালিত হচ্ছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের মহাপরিচালক বোর্ডের সদস্য-সচিব হিসেবে দায়িত্ব পালন করেন।


| ক্রমিক নং | সংস্থার নাম | বোর্ডের সদস্য |
|---|---|---|
| (১) | সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | চেয়ারম্যান |
| (২) | চেয়ারম্যান, বিপিসি | সদস্য |
| (৩) | চেয়ারম্যান, পেট্রোবাংলা | সদস্য |
| (৪) | বিভাগীয় প্রধান, পেট্রোলিয়াম এন্ড মিনারেল রিসোর্সেস ইঞ্জিনিয়ারিং ডিপার্টমেন্ট, বুয়েট | সদস্য |
| (৫) | যুগ্ম-সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ | সদস্য |
| (৬) | যুগ্ম-সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| (৭) | মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর | সদস্য |
| (৮) | চেয়ারম্যান, ভূতত্ত্ব বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয় | সদস্য |
| (৯) | বাংলাদেশ জিওলজিক্যাল সোসাইটির মনোনীত প্রতিনিধি | সদস্য |
| (১০) | মহাপরিচালক, বিপিআই | সদস্য সচিব |

প্রাতিষ্ঠানিক সদস্য পদ

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট, প্রশিক্ষণ ও উন্নয়ন সংশ্লিষ্ট একটি দেশীয় সমিতি ''Bangladesh Society for Training and Development (BSTD)'' এর প্রাতিষ্ঠানিক সদস্য।

ইন্সটিটিউটের অবস্থান

**বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট ঢাকা নগরীর শেষ প্রান্তে উত্তরার ৮ নম্বর সেক্টরের ৫/এ নং প্লটে অত্যন্ত মনোরম পরিবেশে অবস্থিত।**




চিত্র- ১: বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের অবস্থানগত মানচিত্র।

# দ্বিতীয় পরিচ্ছেদ

## বিপিআই এর জনবল কাঠামো

বিপিআই সীমিত সংখ্যক জনবল নিয়ে তার কর্মসূচি নির্ধারিত সময়ে সম্পন্ন করতে সচেষ্ট থাকে। ইতোমধ্যে বিপিআই এর অপ্রতুল জনবল জনিত সমস্যা নিরসনে গভর্নিং বোর্ড কর্তৃক অনুমোদিত সাংগঠনিক কাঠামো অনুসারে পদ সৃজনের সরকারি আদেশ (জিও) জারি করা হয়েছে এবং অর্থ বিভাগ কর্তৃক পৃষ্ঠাঙ্কন করা হয়েছে। অনুমোদিত জনবল কাঠামো অনুসারে অত্র প্রতিষ্ঠানে বর্তমান জনবলের চিত্র নিম্নরূপ:

| ক্রমিক নং | পদের নাম | পদ সংখ্যা | কর্মরত | শূন্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|
| ১। | মহাপরিচালক | ০১ | ০১ | -- | প্রেষণে নিয়োজিত |
| ২। | পরিচালক (প্রশাসন ও প্রশিক্ষণ) | ০১ | ০১ | -- | প্রেষণে নিয়োজিত |
| ৩। | প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা (পিএসও) | ০২ | -- | ০২ | |
| ৪। | উর্ধ্বতন বৈজ্ঞানিক কর্মকর্তা | ০৩ | -- | ০৩ | |
| ৫। | উপ-পরিচালক | ০২ | ০১ | ০১ | |
| ৬। | বৈজ্ঞানিক কর্মকর্তা (এসও) | ০৮ | ০১ | ০৭ | |
| ৭। | সহকারী পরিচালক | ০৪ | ০৪ | -- | |
| | ১ম শ্রেণির মোট | ২১ | ০৮ | ১৩ | |
| ৮। | হিসাব রক্ষক-কাম-ক্যাশিয়ার | ০১ | ০১ | -- | |
| ৯। | টেকনিশিয়ান (ল্যাব/কম্পিউটার) | ০২ | ০১ | ০১ | |
| ১০। | পিএ | ০৩ | -- | ০৩ | |
| ১১। | নকশাকার | ০১ | ০১ | -- | |
| ১২। | সহকারী (স্টোর/হিসাব/প্রশিক্ষণ/লাইব্রেরি) | ০৪ | ০৩ | ০১ | |
| ১৩। | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক | ০৩ | ০৩ | -- | |
| ১৪। | গাড়িচালক | ০৪ | ০২ | ০২ | |
| | ৩য় শ্রেণির মোট | ১৮ | ১১ | ০৭ | |
| ১৫। | ম্যাপ কপিয়ার/এমোনিয়া প্রিন্টার/পিপিসি অপারেটর | ০২ | ০২ | -- | |
| ১৬। | ল্যাব এটেনডেন্ট | ০১ | ০১ | -- | |
| ১৭। | অফিস সহায়ক (উচ্চ স্কেল) | ০১ | ০১ | -- | |
| ১৮। | অফিস সহায়ক | ০৬ | ০৬ | -- | |
| ১৯। | নিরাপত্তা প্রহরী | ০৩ | ০৩ | -- | |
| ২০। | ঝাড়ুদার | ০১ | ০১ | -- | |
| ২১। | মালী | ০১ | ০১ | -- | |
| | ৪র্থ শ্রেণির মোট | ১৫ | ১৫ | -- | |
| | সর্বমোট: (১ম+৩য়+৪র্থ) | ৫৪ | ৩৪ | ২০ | |

বিপিআই এর জনবল কাঠামো অনুযায়ী বর্তমানে ২০ টি পদ শূন্য আছে। তন্মধ্যে প্রথম শ্রেণির ১৩টি পদ শূন্য থাকায় প্রশিক্ষণ ও গবেষণা কাজ ব্যাহত হচ্ছে। নিজস্ব জনবলের অভাবে শতভাগ প্রশিক্ষকই সরকারি কর্মকর্তা, জ্বালানি খাত বিষয়ক অভিজ্ঞ কর্মকর্তা, বাংলাদেশ আণবিক শক্তি কমিশন, ঢাকা বিশ্ববিদ্যালয়, জাহাঙ্গীরনগর

বিশ্ববিদ্যালয় ও বুয়েটের শিক্ষকদের মধ্য হতে আগত আমন্ত্রিত অতিথি প্রশিক্ষক দ্বারা সকল প্রশিক্ষণ কোর্স-ই পরিচালনা করা হয়।

সম্প্রতি "বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট কর্মচারী চাকুরি প্রবিধানমালা, ২০১৬" গেজেট বিজ্ঞপ্তি আকারে প্রকাশিত হয়েছে। বর্তমানে শূন্য পদে জনবল নিয়োগের বিষয়টি চলমান রয়েছে। বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর শূন্য পদ সমূহ জনবল নিয়োগের মাধ্যমে পূরণ করা হলে মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদান ও গবেষণা কার্য পরিচালনা করতে সমর্থ হবে।

বিপিআইকে একটি আন্তজার্তিক মানের প্রশিক্ষণ প্রতিষ্ঠান হিসাবে গড়ে তুলতে হলে বর্তমান জনবল কাঠামোর পুনর্গঠন এবং প্রশিক্ষণ সংশ্লিষ্ট প্রয়োজনীয় যুগোপযোগী যন্ত্রপাতি সংগ্রহ করা প্রয়োজন। প্রতিবেদনাধীন সময়ে বিপিআই জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের প্রত্যক্ষ সহযোগিতায় "বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর নতুন ভবন নির্মাণ ও প্রশিক্ষণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি, সফটওয়্যার (Training related equpments software ) ও আসবাবপত্র সংগ্রহ" শীর্ষক প্রকল্প প্রস্তাবনা প্রেরণ করেছে।

# তৃতীয় পরিচ্ছেদ

## প্রশিক্ষণ

### প্রশিক্ষণ


বিপিআই-এর ২০১৭-১৮ অর্থ বছরের প্রশিক্ষণ কোর্স ক্যালেন্ডার প্রণয়নের প্রাক্কালে জ্বালানি ও খনিজ সম্পদ সেক্টরের বিভিন্ন প্রতিষ্ঠান/সংস্থা/কোম্পানি সমূহের প্রতিনিধিগণের সমন্বয়ে প্রশিক্ষণের চাহিদা নিরূপণের জন্য একটি সভা ১৬/০৪/২০১৭ ইং তারিখে আয়োজন করা হয়। উক্ত সভায় ২০১৭-২০১৮ অর্থ বছরে বাস্তবায়িত কোর্সের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়। সভায় উপস্থিত প্রতিনিধিগণের চাহিদা ও মতামতের ভিত্তিতে বিপিআই এর ২০১৭-১৮ অর্থ বছরের জন্য নিম্নবর্ণিত প্রশিক্ষণ কোর্স ক্যালেন্ডার (সারণী-১) প্রণয়ন করা হয়, যা বিপিআই গভর্নিং বোর্ডের ৫৮তম সভায় অনুমোদিত হয়।

সারণী ১ : ২০১৭-২০১৮ অর্থ বছরের অনুমোদিত প্রশিক্ষণ কোর্স ও কর্মশালার তালিকা


| SL No. | Course Title |
|---|---|
| **Technical** | |
| 1. | Welding & Non Destructive Testing |
| 2. | Material Engineering Codes & Standards |
| 3. | Plant Operation & Maintenance |
| 4. | Storage, Handling & Maintenance of POL Products & Aircraft Refueling |
| 5. | Occupational Safety, Health and Environmental Management |
| 6. | Generator Maintenance, Operation & Trouble Shooting |
| 7. | Explosive Handling & Storage |
| 8. | Design, Construction, Operation and Maintenance of Gas Pipeline |
| 9. | Petroleum Engineering |
| **Non-Technical** | |
| 1. | APA & Related Topics |
| 2. | Foundation Course on Oil, Gas & Mineral Resources Sector |
| 3. | Supply Chain Management |
| 4. | Project Management |
| 5. | Handling of Disciplinary cases and conducting Departmental Inquiry |
| 6. | Business English & Communication Skills |
| 7. | Taxation and VAT Management |
| 8. | Financial Management (Auditing & Budgeting) |
| 9. | Fire Fighting, Fire Prevention, Rescue and First Aid |
| 10. | Public Procurement Act, 2006 & PPR 2008 |
| 11. | Inventory Control and Store Management |
| 12. | Presentation Skill |
| **Workshop** | |
| 1. | শুদ্ধাচার কৌশল |

| | |
|---|---|
| 2. | APA (Two Workshop) |
| 3. | ACR Writing (Two Workshop) |
| 4. | তথ্য অধিকার আইন ২০০৯ |


২০১৭-২০১৮ অর্থ বছরে বিপিআই গভর্নিং বোর্ডের অনুমোদিত প্রশিক্ষণ সূচি হতে ২০ টি প্রশিক্ষণ কোর্স ও ০৬ টি ওয়ার্কসপ এর মাধ্যমে মোট ৯৭৬ জন কর্মকর্তাকে প্রশিক্ষণ প্রদান করা হয়। বিপিআই এর স্বল্প জনবল থাকা সত্ত্বেও সকল প্রশিক্ষণ কর্মসূচিই সফলভাবে সম্পন্ন হয়েছে। নিম্নে বাস্তবায়িত প্রশিক্ষণ কোর্স ও ওয়ার্কসপ (সংযোজনী ০১) এ অংশগ্রহণকারীর সংখ্যা পাই চিত্রের মাধ্যমে প্রদর্শন করা হল।





চিত্র- ২: ২০১৭-১৮ অর্থ বছরে বাস্তবায়িত কারিগরি প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা।




চিত্র- ৩: ২০১৭-১৮ অর্থ বছরে বাস্তবায়িত অ-কারিগরি/প্রশাসনিক ও আর্থিক প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা।





চিত্র- ৪: ২০১৭-১৮ অর্থ বছরে বাস্তবায়িত কর্মশালায় অংশগ্রহণকারীর সংখ্যা।




চিত্র- ৫: ২০১৭-১৮ অর্থ বছরে অনুরোধক্রমে বাস্তবায়িত প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট কর্তৃক বাস্তবায়িত বিভিন্ন কর্মশালা ও প্রশিক্ষণে অংশগ্রহণকারীর সংখ্যা ক্রমাগত বাড়ছে। নিম্নের স্তম্ভ লেখচিত্র বিগত পাঁচ অর্থ বছরের (২০১৩-১৪ থেকে ২০১৭-১৮ পর্যন্ত) বিপিআই এ অনুষ্ঠিত প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীর সংখ্যা নির্দেশ করছে। লেখচিত্রে দেখা যাচ্ছে যে, বিগত পাঁচ অর্থ বছরের মধ্যে ২০১৭-১৮ অর্থ বছরে অনুষ্ঠিত কর্মশালা ও প্রশিক্ষণে অংশগ্রহণকারী প্রশিক্ষণার্থীর সংখ্যা সবচেয়ে বেশি।




চিত্র- ৬: বিগত অর্থ বছর ও ২০১৭-১৮ অর্থ বছরে বাস্তবায়িত প্রশিক্ষণ ও কর্মশালায় অংশগ্রহণকারীর সংখ্যার তুলনামূলক চিত্র।

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) কর্তৃক বাস্তবায়িত প্রশিক্ষণ প্রদান ও কর্মশালা সংক্রান্ত কিছু কর্মকান্ডের চিত্র নিম্নে প্রদান করা হল।




চিত্র- ৭: ২০১৭-১৮ অর্থ বছরে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) কর্তৃক বাস্তবায়িত প্রশিক্ষণ প্রদান।




চিত্র- ৮: ২০১৭-১৮ অর্থ বছরে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) কর্তৃক বাস্তবায়িত কর্মশালা সমূহ।

প্রশিক্ষণ প্রদান করা ছাড়াও বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) বিভিন্ন কর্মকান্ডে সক্রিয় অংশগ্রহণ করে এবং বিভিন্ন কর্মসূচি গ্রহণ করে। নিম্নে আলোচিত কিছু কর্মকান্ড ও কর্মসূচির চিত্র প্রদান করা হল।




চিত্র- ৯: বাংলাদেশ মধ্য আয়ের দেশে উন্নীত হওয়া উপলক্ষে অনুষ্ঠিত শোভাযাত্রায় বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) এর সক্রিয় অংশগ্রহণ এবং প্রতিষ্ঠান আলোক সজ্জিত করণ।



চিত্র- ১০: বিপিআই কার্যালয়ের ছাদে সোলার প্যানেল স্থাপন।



চিত্র- ১১: বিপিআই কার্যালয়ের সৌন্দর্য বর্ধন কর্মসূচি।



চিত্র- ১২: বিপিআই এর কর্মকর্তা ও কর্মচারীগণকে জাতীয় শুদ্ধাচার পুরস্কার প্রদান।

## নিজস্ব কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধি

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) এর কর্মকর্তাদের সক্ষমতা বৃদ্ধিকল্পে দেশের অভ্যন্তরে ও বিদেশে বিভিন্ন বিষয়ে প্রশিক্ষণে অংশগ্রহণের জন্য প্রেরণ করে। প্রতিবেদনাধীন বছরে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের ২ জন কর্মকর্তা বিদেশে এবং ৭ জন কর্মকর্তা ও ২৫ জন কর্মচারী (মোট ৩২ জন) দেশের অভ্যন্তরে বিভিন্ন মেয়াদে প্রশিক্ষণ কোর্স, ওয়ার্কসপ ও সেমিনারে অংশগ্রহণ করেন।

## গ্রন্থাগার

প্রশিক্ষক ও গবেষকদের চাহিদা মেটাতে বিপিআইতে একটি সমৃদ্ধ গ্রন্থাগার রয়েছে। ২৯৫৬টি পুস্তক সমৃদ্ধ গ্রন্থাগারটিতে বেশির ভাগ কারিগরি বিষয়ের বই রয়েছে। তাছাড়া কিছু বিদেশি জার্নাল, প্রশাসনিক ও অন্যান্য পাঠ্য সামগ্রী রয়েছে। প্রতিবেদনাধীন সময়ে “সচিবালয় নির্দেশনা ২০১৪” ও “পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬ এবং পাবলিক প্রকিউরমেন্ট বিবিধমালা ২০০৮” বইসমূহ লাইব্রেরির জন্য সংগ্রহ করা হয়। গ্রন্থাগারের বই উত্তোলন ও জমার ব্যবস্থা সনাতন নিয়মে হাতে কলমে খাতায় লিপিবদ্ধ করে পরিচালনা করা হয়। আধুনিক ব্যবস্থাপনা হিসাবে গ্রন্থাগারটিতে ডিজিটালাইজড ব্যবস্থাপনা প্রবর্তন করা হবে।

# চতুর্থ পরিচ্ছেদ

## বাজেট ও হিসাব (২০১৭- ২০১৮ অর্থ বছর)

বাজেট ও হিসাব

বিপিআই এর আর্থিক লেনদেন সম্পাদনের জন্য একটি হিসাব শাখা রয়েছে। যাবতীয় আয়-ব্যয়, লেনদেন এবং হিসাব সংগ্রহের দায়িত্ব এ শাখা পালন করে থাকে।

বিপিআই একটি সংবিধিবদ্ধ সংস্থা হলেও সরকারি হিসাব পদ্ধতিই এখানে চালু রয়েছে। বিপিআই এর নিম্নলিখিত উৎস হতে তহবিল প্রাপ্ত হয় :

(ক) সরকারি অনুদান

(খ) পেট্রোবাংলা

(গ) বিপিসি

(ঘ) নিজস্ব আয়

সারণী ২ : ২০১৭-২০১৮ অর্থ বছরের আয়

| ক্রমিক নং | উৎস | পরিমাণ |
|---|---|---|
| ১। | সরকারি অনুদান | ২,২৩,৭৭,০০০.০০ |
| ২। | পেট্রোবাংলা | ৮০,০০,০০০.০০ |
| ৩। | বিপিসি | ১৫,০০,০০০.০০ |
| ৪। | প্রশিক্ষণ ফি | ৫৪,১০,৮২৪.৫০ |
| ৫। | এফডিআর এর সুদ | ৫৮,৬৪,৪২৮.৫৩ |
| ৬। | এসটিডির সুদ | ২,৩৪,৬৯৭.০০ |

২০১৭-১৮ অর্থ বছরে বিপিআই পরিচালনার জন্য ৩,৩৯,৬০,০০০/- (তিন কোটি উনচল্লিশ লক্ষ ষাট হাজার) টাকার বাজেট গভর্নিং বোর্ড কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে উক্ত অর্থ বছরের জন্য পরিচালনা বোর্ড কর্তৃক ৩,৩১,৭৪,০২২/২৩ (তিন কোটি একত্রিশ লক্ষ চুয়াত্তর হাজার বাইশ টাকা তেইশ পয়সা) টাকার সংশোধিত বাজেট অনুমোদিত হয়। অনুমোদিত বাজেট অনুযায়ী বর্ণিত সময়ে সর্বমোট ২,৯০,১০,৭৮৫/৫১ (দুই কোটি নব্বই লক্ষ দশ হাজার সাতশত পঁচাশি টাকা একান্ন পয়সা) টাকা ব্যয় হয়। উল্লেখ্য, বিপিআই এর ২০১৭-১৮ অর্থ বছরের বাজেটে সরকারের সাধারণ মঞ্জুরী হিসাবে ৩-৪২০৫-২৭৭১-৫৯০১ কোডে বরাদ্দকৃত ২,২৩,৭৭,০০০/০০ (দুই কোটি তেইশ লক্ষ সাতাত্তর হাজার) টাকা হতে জুলাই, ২০১৭ ইং হতে জুন, ২০১৮ ইং পর্যন্ত কর্মকর্তা ও কর্মচারীগণের বেতন-ভাতা খাতে ব্যয় হয় ১,৮৮,৫৪,২৪৯/২৬ (এক কোটি আটাশি লক্ষ

চুয়ান্ন হাজার দুইশত উনপঞ্চাশ টাকা ছাব্বিশ পয়সা) টাকা এবং অবশিষ্ট উদ্বৃত্ত/অব্যয়িত ৩৫,২২,৭৫০/৭৪ (পঁয়ত্রিশ লক্ষ বাইশ হাজার সাতশত পঞ্চাশ টাকা চুয়াত্তর পয়সা) টাকা সরকারি কোষাগারে সমর্পণ করা হয়। ২০১৭-১৮ অর্থ বছরের বরাদ্দ ও ব্যয়ের বিবরণী 'সংযোজনী ০২' তে দেয়া হলো।

হিসাব নিরীক্ষা

বাণিজ্যিক অডিট অধিদপ্তর কর্তৃক বিগত ২০১০-১২ অর্থ বছর পর্যন্ত আর্থিক নিরীক্ষা সম্পন্ন হয়েছে। উক্ত অর্থ বছরে অর্থাৎ ২০১০-১২ অর্থ বছর সময়কালে ০১ টি অডিট আপত্তি অনিষ্পন্ন রয়েছে।

<u>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (**The Annual Performance Agreement):**</u>

সরকারি কর্মসম্পাদন ব্যবস্থাপনা পদ্ধতি (Government Performance Management System) এর আওতায় জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ-এর সঙ্গে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর বার্ষিক ২০১৭-১৮ অর্থ বছরের কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়। বার্ষিক কর্মসম্পাদন চুক্তি অনুযায়ী বিপিআই এর কার্যসমূহ এর মান অত্যন্ত ভাল।

ই-নথি

প্রতিবেদনাধীন সময়ে বিপিআই ই-নথির মাধ্যমে কার্যক্রম শুরু করে। এটুআই (Access to Information) কর্তৃক দপ্তর/সংস্থা (ছোট ক্যাটাগরি)-এর কার্যক্রমের বিস্তারিত রিপোর্টে জুন ২০১৮ মাসের ৯২টি সংস্থার মধ্যে বিপিআই-এর অবস্থান ৯ম।

ইনোভেশন

২০১৭-১৮ অর্থ বছরে এটুআই (a2i) এর সহায়তায় বিপিআই-এ ইনোভেশন সংক্রান্ত ২ দিনের প্রশিক্ষণ কোর্সের আয়োজন করা হয়। এতে বিপিআই-এর ৪জন কর্মকর্তাসহ পেট্রোলিয়াম সেক্টরের বিভিন্ন প্রতিষ্ঠানের মোট ৫৬ জন প্রশিক্ষণার্থী অংশ গ্রহণ করেন।

শুদ্ধাচার

বিপিআই, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনা অনুযায়ী শুদ্ধাচার কর্মকৌশল বাস্তবায়ন কাঠামো প্রণয়ন করে এবং সে অনুযায়ী সময়ভিত্তিক কর্মপরিকল্পনা বাস্তবায়নে সচেষ্ট হয়। উল্লেখ করা প্রয়োজন যে, শুদ্ধাচার পুরস্কার নীতিমালা, ২০১৭ অনুযায়ী ২০১৭-২০১৮ অর্থ বছরের ৯ম গ্রেডভুক্ত কর্মকর্তা বেগম দিলারা

পারভীন, সহকারী পরিচালক (প্রশাসন) এবং ১৯ গ্রেডভুক্ত কর্মচারী জনাব মো: আব্দুল হালিম শেখ, ল্যাব এটেনডেন্ট-কে শুদ্ধাচার পুরস্কার প্রদান করা হয়।

## SIP (Small Improvement Project)

আরপিএটিসি - তে SIP বিষয়ে বিপিআই - এর ২ জন কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেন। তদপ্রেক্ষিতে কিছু ছোট ছোট উদ্যোগ বিপিআই-এ সফলভাবে সম্পন্ন করা হয়।




চিত্র- ১৪: ২০১৭-১৮ অর্থ বছরে বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) কর্তৃক বাস্তবায়িত কিছু কর্মকান্ড।

## পঞ্চম পরিচ্ছেদ

## বিপিআই এর অর্জন ও ভবিষ্যৎ পরিকল্পনা

অর্জন

তেল, গ্যাস ও খনিজ খাতে সময়ের চাহিদা অনুসারে প্রশিক্ষণ প্রদান, গবেষণা পরিচালনা ও কারিগরি জ্ঞান বিনিময়ের জন্য যে দক্ষ জনশক্তির প্রয়োজন বিপিআই এ তা অপ্রতুল। তবে ইতোমধ্যে "বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউটের কর্মচারী চাকরি প্রবিধানমালা, ২০১৬" গেজেট আকারে প্রকাশিত হয়েছে। চাকরি প্রবিধানমালা হওয়ার পর বিপিআই শূন্য পদে জনবল নিয়োগের উদ্যোগ গ্রহণ করেছে। ফলে শূন্য পদে যোগ্য ও দক্ষ জনবল নিয়োগের মাধ্যমে বিপিআই জনবল সংক্রান্ত সংকট নিরসনে সক্ষম হবে।

এ ছাড়া বিপিআই প্রতিবেদনাধীন সময়ে নিম্নোক্ত কার্যক্রম সফলভাবে সম্পন্ন করেছে :

- শ্রেণিকক্ষ, কনফারেন্স রুম, ক্যান্টিন সহ বিপিআই মূল ভবনের ভৌত অবকাঠামো সংস্কার, মেরামত ও আধুনিকায়ন, পেট্রোলিয়াম সেক্টরে দেশের বিভিন্ন স্থানে কর্মরত প্রশিক্ষণার্থীদের প্রশিক্ষণকালীন থাকার জন্য ২৪ শয্যাবিশিষ্ট ডরমিটরি চালুকরণ;
- প্রশিক্ষণার্থীদের কোর্স রেজিস্ট্রেশন অনলাইনে চালুকরণ;
- ই-হাজিরা প্রবর্তন করে কর্মকর্তা/কর্মচারীদের হাজিরা গ্রহণ ও সংরক্ষণ;
- বিপিআই এর ফেসবুক পেজ চালু করণ, ফেসবুকে বিপিআই এর কোর্স সংক্রান্ত ও অন্যান্য সাপ্তাহিক খবর নিয়মিত প্রচারকরণ;
- বিপিআই.বাংলা নামে বাংলা ডোমেইন চালুকরণ;
- বিদ্যুৎ ব্যবহার সাশ্রয়ের লক্ষ্যে বিপিআই-এ সোলার প্যানেল স্থাপন।

ভবিষ্যৎ পরিকল্পনা

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) এর সক্ষমতা বৃদ্ধির জন্য জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের নির্দেশনায় এবং অত্র সেক্টরের বিভিন্ন প্রতিষ্ঠানের সহযোগিতায় সীমিত আকারে বিপিআই এর অবকাঠামোগত মেরামত ও সংস্কার কার্যক্রম সম্পন্ন হয়। এছাড়া বিপিআই এর চাকুরি প্রবিধানমালা গেজেট আকারে প্রকাশিত হওয়ার পর শূন্য পদে জনবল নিয়োগ প্রক্রিয়া শুরু হয়। আশা করা যায় বিপিআই এর শূন্য পদ সমূহ যোগ্যতা

সম্পন্ন জনবল দ্বারা পূরণ করা সম্ভব হবে এবং প্রশিক্ষণ প্রদানের ক্ষেত্রে গতিশীলতা আসবে। ইতোমধ্যে বিপিআই প্রশিক্ষণার্থীদের সুবিধার্থে ২৪ শয্যাবিশিষ্ট ডরমিটরি প্রস্তুত সম্পন্ন হয়েছে। ফলে প্রশিক্ষণার্থীদের যে আবাসিক সংকট ছিল তা দূর হয়। ইতোমধ্যে "বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট এর নতুন ভবন নির্মাণ ও প্রশিক্ষণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি, সফটওয়্যার (Training Related Equipments Software) ও আসবাবপত্র সংগ্রহ" শীর্ষক প্রকল্প গ্রহণ এবং বর্তমান জনবল কাঠামোকে পুনর্গঠন করার উদ্যোগ নেয়া হয়েছে।

# উপসংহার

বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট (বিপিআই) ১৯৮১ সালে প্রতিষ্ঠিত হওয়ার পর থেকে জ্বালানি খাতে নিয়োজিত কারিগরি জনবলের দক্ষতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান ও গবেষণা পরিচালনা করে আসছে। বিপিআই অপ্রতুল জনবল, ভৌত সুবিধাদি, প্রশিক্ষণ সংশ্লিষ্ট যন্ত্রপাতি, সফটওয়্যার ও আসবাবপত্রের যে সংকট রয়েছে তা সুরাহা করার জন্য ইতোমধ্যে উদ্যোগ গ্রহণ করেছে। এ সকল উদ্যোগের ফলে আশা করা যায়, বাংলাদেশ পেট্রোলিয়াম ইন্সটিটিউট জ্বালানি খাতে মানসম্পন্ন প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ মানব সম্পদ উন্নয়নে কার্যকর ভূমিকা পালন করবে। প্রতিষ্ঠানটি অচিরেই সকল সমস্যা কাটিয়ে উঠে তার উপর ন্যস্ত দায়িত্ব পালনে সক্ষম হবে। জ্বালানি খাতে প্রশিক্ষণ প্রদানের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তুলে এ ইন্সটিটিউট তেল ও গ্যাস অনুসন্ধান, উৎপাদন ও বিতরণ প্রক্রিয়ার সাথে সম্পর্কযুক্ত বিভিন্ন সংস্থা ও দপ্তরের সক্ষমতা বৃদ্ধিতে অবদান রাখবে। ফলে জ্বালানি খাতে দক্ষ জনবলের ক্ষেত্রে বিদেশ নির্ভরতা হ্রাস করে নিজস্ব দক্ষ মানব সম্পদ গঠনে কার্যকর ভূমিকা রাখবে।

----*****----

সংযোজনী ০১

## বিপিআই কর্তৃক ২০১৭-১৮ অর্থ বছরের বাস্তবায়িত প্রশিক্ষণ কোর্স ও ওয়ার্কসপের তালিকাঃ

| ক্রমিক নং | প্রশিক্ষণের নাম | প্রশিক্ষণার্থীর সংখ্যা | মেয়াদ | মন্তব্য |
|---|---|---|---|---|
| | **Technical** | | | |
| ০১। | Gas Pipeline Welding & NDT | ২২ জন | ০৬-১০ আগস্ট ২০১৭ | এটোমিক এনার্জি কমিশনে অনুষ্ঠিত হয়েছে |
| ০২। | Material Engineering Codes Standards | ৩৬ জন | ২০-২৪ আগস্ট ২০১৭ | |
| ০৩। | Occupational Safety Health & Environment Management | ৫৫ জন | ১০-১৪ ডিসেম্বর ২০১৭ | |
| ০৪। | Plant Operation & Maintenance | ২৫ জন | ০৯-২১ ডিসেম্বর ২০১৭ | TICI-এ অনুষ্ঠিত হয়েছে |
| ০৫। | Storage Handling and Maintenance of POL Product and Aircraft Refueling | ১৬ জন | ০৪ ফেব্রুয়ারি - ১ মার্চ ২০১৮ | ইআরএল -এ আংশিক পর্ব অনুষ্ঠিত হয়েছে |
| ০৬। | Generator Maintenance, Operation & Trouble Shooting | ২৯ জন | ২৭-২৯ মার্চ ২০১৮ | গেটকো-এ অনুষ্ঠিত হয়েছে |
| ০৭। | Design, Construction, Operation and Maintenance of Gas Pipeline | ২৭ জন | ০৬-১৭ মে ২০১৮ | |
| | মোট | ২১০ জন | | |
| | **Non-Technical/Administrative & Financial** | | | |
| ১। | বার্ষিক কর্ম সম্পাদন চুক্তি (APA) বাস্তবায়ন পদ্ধতি ও সহায়ক বিষয়াবলী | ৪৩ জন | ১৬-২০ জুলাই ২০১৮ | |
| ২। | Handling of Disciplinary cases and conducting Departmental Inquiry | ৪০ জন | ১৭-২১ সেপ্টেম্বর ২০১৭ | |
| ৩। | Project Management | ৩৫ জন | ১৭-২৮ সেপ্টেম্বর ২০১৭ | |
| ৪। | Financial Management (Auditing & Budgeting) | ৩৮ জন | ১৫-১৯ অক্টোবর ২০১৭ | |
| ৫। | Taxation and VAT Management | ৪৩ জন | ১৫-২৬ অক্টোবর ২০১৭ | |
| ৬। | ই-নথি | ১২ জন | ৬-৭ নভেম্বর ২০১৭ | |
| ৭। | Art of Presentation Skill | ৪৩ জন | ১৮-২০ ডিসেম্বর ২০১৭ | |
| ৮। | Public Procurement Act 2006 & PPR 2008 | ৩৫ জন | ৭-১১ জানুয়ারি ২০১৮ | |
| ৯। | Fire Fighting, First Aid & Rescue | ৪০ জন | ৫-৭ ফেব্রুয়ারি ২০১৮ | |
| ১০। | Inventory Control and Store Management | ৩২ জন | ১১-১৫ ফেব্রুয়ারি ২০১৮ | |
| ১১। | Innovation | ৫৬ জন | ১৭-১৮ ফেব্রুয়ারি ২০১৮ | |
| ১২। | Annual Performance Agreement (APA) & Related Issues | ৩২ জন | ১৮-২২ মার্চ ২০১৮ | |
| ১৩। | Supply Chain Management | ৩৩ জন | ৬-১৭ মে ২০১৮ | |
| | মোট | ৪৮২ জন | | |
| | **Workshop** | | | |
| ১। | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ওয়ার্কসপ | ৪৮ জন | ৯ নভেম্বর ২০১৭ | |
| ২। | ACR Writing ওয়ার্কসপ | ৬৮ জন | ১৭ ডিসেম্বর ২০১৭ | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩। | Annual Performance Agreement (APA) ওয়ার্কসপ | ৪৪ জন | ২৭ ডিসেম্বর ২০১৭ | |
| ৪। | Sustainable Development Goal (SDG) ওয়ার্কসপ | ১৭ জন | ১৫ জানুয়ারি ২০১৮ | |
| ৫। | Annual Confidential Report (ACR) Writing | ৫৩ জন | ১১ এপ্রিল ২০১৮ | |
| ৬। | তথ্য অধিকার আইন, ২০০৯ | ৫৪ জন | ৯ মে ২০১৮ | |
| | মোট | ২৮৪ জন | | |
| | **On Request** | | | |
| ১। | Drilling Technology | ২৫ জন | ১০ দিন | বাপেক্স |
| ২। | অফিস ব্যবস্থাপনা | ২৫ জন | ২দিন | জ্বাখসবি |

সংযোজনী ০২

## ২০১৭-১৮ অর্থ বছরের বরাদ্দ ও ব্যয়ের চূড়ান্ত হিসাব বিবরণীঃ

| ক্রমিক নং | কোড নং | খাত | ২০১৭-১৮ অর্থ বছরের অনুমোদিত বাজেট বিভাজন | ২০১৭-১৮ অর্থ বছরের অনুমোদিত সংশোধিত বাজেট | ২০১৭-১৮ অর্থ বছরের ব্যয় |
|---|---|---|---|---|---|
| | রাজস্ব ব্যয় | | | | |
| ১ | ৪৫০১ | কর্মকর্তাদের বেতন | ৪৩,০০,০০০.০০ | ৪৫,৫০,০০০.০০ | ৩৬,১৩,৮৪২.৯১ |
| ২ | ৪৬০১ | কর্মচারীদের বেতন | ৫৩,০০,০০০.০০ | ৫৫,৫৫,০০০.০০ | ৫৩,২১,১৪৪.৫১ |
| | | উপমোট : | ৯৬,০০,০০০.০০ | ১,০১,০৫,০০০.০০ | ৮৯,৩৪,৯৮৭.৪২ |
| | ৪৭০০ ভাতাদি | | | | |
| ৩ | ৪৭০১ | মহার্ঘ ভাতা | -- | -- | -- |
| ৪ | ৪৭০৫ | বাড়ি ভাড়া ভাতা | ৫৩,০০,০০০.০০ | ৫৬,১০,০০০.০০ | ৪৯,৫৮,৮৮৯.৩৮ |
| ৫ | ৪৭০৯ | শ্রান্তি ও বিনোদন ভাতা | ৭,০০,০০০.০০ | ৭,০০,০০০.০০ | ৩,২৯,৮৫০.০০ |
| ৬ | ৪৭১৩ | উৎসব ভাতা | ১৬,১০,০০০.০০ | ১৭,৩৫,০০০.০০ | ১৪,৯৩,০৭০.০০ |
| ৭ | ৪৭১৪ | বাংলা নববর্ষ ভাতা | ১,৬০,০০০.০০ | ২,০০,০০০.০০ | ১,৫২,৮৪৬.০০ |
| ৮ | ৪৭১৭ | চিকিৎসা ভাতা | ৫,৯৪,০০০.০০ | ৬,৭৭,০০০.০০ | ৫,৯০,৭৮৩.৪০ |
| ৯ | ৪৭৫২ | ধোলাই ভাতা | ২০,০০০.০০ | ২০,০০০.০০ | ১৯,১২০.০০ |
| ১০ | ৪৭৩৩ | আপ্যায়ন ভাতা | ৮,০০০.০০ | ১২,০০০.০০ | ১১,০১২.৯০ |
| ১১ | ৪৭৩৭ | দায়িত্বভার ভাতা | ১,০০,০০০.০০ | ১,০০,০০০.০০ | ০০ |
| ১২ | ৪৭৫৫ | টিফিন ভাতা | ৭৮,০০০.০০ | ৭৮,০০০.০০ | ৬৫,১৯৫.৩৮ |
| ১৩ | ৪৭৬১ | ভ্রমণ ভাতা | ৪০,০০০.০০ | ৩০,০০০.০০ | ২৩,৯৯৩.৭৫ |
| ১৪ | ৪৭৬৫ | যাতায়াত ভাতা | ৯০,০০০.০০ | ৯০,০০০.০০ | ৭৮,১৯০.৫২ |
| ১৫ | ৪৭৭৩ | শিক্ষা ভাতা | ২,৪৮,০০০.০০ | ২,৬০,০০০.০০ | ১,৯৫,১০০.০০ |
| ১৬ | ৪৭৯৩ | টেলিফোন ভাতা / মোবাইল ভাতা | ১২,০০০.০০ | ১৪,০০০.০০ | ১৩,২৭০.৯৬ |
| ১৭ | ৪৭৯৫ | অন্যান্য ভাতা (প্রশিক্ষণ ভাতা) | ৫,০০,০০০.০০ | ২,৬৫,০০০.০০ | ২,৫৯,০৬৮.০০ |
| | | উপমোট : | ৯৪,৬০,০০০.০০ | ৯৭,৯১,০০০.০০ | ৮১,৯০,৩৯০.২৯ |
| | ৪৮০০ সরবরাহ ও সেবা | | | | |
| ১৮ | ৪৮০১ | ভ্রমণ ব্যয় | ৪০,০০০.০০ | ৭০,০০০.০০ | ৬৩,৭৫৪.০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ১৯ | ৪৮০২ | বদলী ব্যয় | ১৫,০০০.০০ | -- | -- |
| ২০ | ৪৮০৫ | অধিকাল ভাতা | ১,৮০,০০০.০০ | ২,৫২,৪১১.০৪ | ২,৫২,৪১১.০৪ |
| ২১ | ৪৮০৮ | ভাড়া সরঞ্জামাদি | ১৫,০০০.০০ | ১৫,০০০.০০ | ১১,০৪০.০০ |
| ২২ | ৪৮১০ | পৌরকর | ৮৫,০০০.০০ | ৫১,৩২২.০০ | ৫১,৩২২.০০ |
| ২৩ | ৪৮১১ | ভূমিকর | ৫০,০০০.০০ | ৯,৫৬৩.০০ | ৯,৫৬৩.০০ |
| ২৪ | ৪৮১৩ | কাস্টম, শুল্ক/ভ্যাট | -- | -- | -- |
| ২৫ | ৪৮১৪ | অন্যান্য কর | -- | -- | -- |
| ২৬ | ৪৮১৫ | ডাক | ৫,০০০.০০ | ১০,০০০.০০ | ১০,০০০.০০ |
| ২৭ | ৪৮১৬ | টেলিফোন/ টেলিপ্রিন্টার | ১,০০,০০০.০০ | ৭৫,০০০.০০ | ৬২,১৮৪.০০ |
| ২৮ | ৪৮১৭ | ট্যালেক্স/ফ্যাক্স/ইন্টারনেট | ১,০০,০০০.০০ | ১,৭৫,০০০.০০ | ১,৩৬,৩৭৩.০০ |
| ২৯ | ৪৮১৯ | পানি | ২৫,০০০,০০ | ২৫,০০০.০০ | ২১,৮২৯.০০ |
| ৩০ | ৪৮২১ | বিদ্যুৎ | ৩,৫০,০০০.০০ | ৩,০০,০০০.০০ | ২,৮৮,২৩০.০০ |
| ৩১ | ৪৮২২ | গ্যাস | ২৫,০০০,০০ | ৯,৮১০.০০ | ৯,৮১০.০০ |
| ৩২ | ৪৮২৩ | সিএনজি, পেট্রোল ও লুব্রিক্যান্ট | ৬,২৫,০০০.০০ | ৫,১০,০০০.০০ | ৪,৮৫,৬৮৪.৫৮ |
| ৩৩ | ৪৮২৪ | বীমা/ব্যাংক চার্জস | ৪,০০,০০০.০০ | ২,০০,০০০.০০ | ১,৮৯,২৭২.০০ |
| ৩৪ | ৪৮২৭ | মুদ্রণ ও প্রকাশনা | ১,৭০,০০০.০০ | ৫,০০০.০০ | ৫,০০০.০০ |
| ৩৫ | ৪৮২৮ | স্টেশনারি, সিল ও স্ট্যাম্পস | ৪,০০,০০০.০০ | ৩,১৫,৬১৩.৯৬ | ৩,১৪,৩৫৬.১৫ |
| ৩৬ | ৪৮২৯ | রিসার্চ/ইনোভেশন | -- | ৫০,০০০.০০ | -- |
| ৩৭ | ৪৮৩১ | বইপত্র ও সাময়িকী | ৫০,০০০.০০ | ১৫,০০০.০০ | ১৪,৬৬৩.০০ |
| ৩৮ | ৪৮৩৩ | প্রচার ও বিজ্ঞাপন | ২,৫০,০০০.০০ | ১,৯৯,০৪৮.৯০ | ১,৯৯,০৪৮.৯০ |
| ৩৯ | ৪৮৩৬ | ইউনিফর্ম | ৮০,০০০.০০ | ৯৬,০০০.০০ | ৮৭,১০০.০০ |
| | ৪৮৪০ | প্রশিক্ষণ ব্যয় | | | |
| ৪০ | | ক) স্থানীয় প্রশিক্ষণ ফি | ৫,০০,০০০.০০ | ৮,০০,০০০.০০ | ৭,৬৮,৯২৭.০০ |
| ৪১ | | খ) বৈদেশিক প্রশিক্ষণ/বৈদেশিক সেমিনার যোগদান/ বৈদেশিক ভিজিট/ট্যুর | ১০,০০,০০০.০০ | ৮,৯০,৫১১.১২ | ৮,৯০,৫১১.১২ |
| ৪২ | | গ) যৌথ উদ্যোগে আয়োজিত প্রশিক্ষণ কোর্স/সেমিনার/কর্মশালা | ১,০০,০০০.০০ | ৪,৫০,০০০.০০ | ৪,৪৮,৪০০.০০ |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৪৩ | | ঘ) কোর্স ব্যবস্থাপনা ফি | ২,৫০,০০০.০০ | ১,৬০,০০০.০০ | ১,৪৯,৭০০.০০ |
| ৪৪ | | ঙ) প্রশিক্ষণ ভাতা | -- | ৭,০০,০০০.০০ | ৬,৯৪,০০০.০০ |
| ৪৫ | ৪৮৪৫ | আপ্যায়ন ব্যয় (প্রশিক্ষণের আপ্যায়নসহ) | ১২,৫০,০০০.০০ | ১৭,৫০,০০০.০০ | ১৬,৯১,৫৭৭.০০ |
| ৪৬ | ৪৮৭১ | বিছানা পত্র | ২,০০,০০০.০০ | ১,৯৬,৪০৯.২০ | ১,৯৬,৪০৯.২০ |
| ৪৭ | ৪৮৭৫ | পরিস্কার পরিচ্ছন্নতা (ফোর্স একাউন্ট) | ১৫,০০০.০০ | ৫,০০০.০০ | ৯০০.০০ |
| ৪৮ | ৪৮৭৭ | প্রাধিকারপ্রাপ্ত কর্মকর্তাদের গাড়ি রক্ষণাবেক্ষণ ব্যয় | ৫,৪০,০০০.০০ | ৯,০০,০০০.০০ | ৬,২৫,০০০.০০ |
| ৪৯ | ৪৮৮১ | নিরাপত্তা প্রহরী | -- | -- | -- |
| | ৪৮৮৩ সম্মানী ভাতা | | | | |
| ৫০ | | ক) প্রশিক্ষকের সম্মানী | ১২,০০,০০০.০০ | ৯,৫০,০০০.০০ | ৯,৩০,৫০০.০০ |
| ৫১ | | খ) প্রশিক্ষণার্থীদের পরীক্ষার খাতা মূল্যায়নের জন্য পরীক্ষকের সম্মানী | ১০,০০০.০০ | ৩২০.০০ | ৩২০.০০ |
| ৫২ | | গ) গভর্নিং বোর্ডের সদস্যদের সম্মানী | ২,৫০,০০০.০০ | ১,৪০,০০০.০০ | ৮৮,০০০.০০ |
| ৫৩ | | ঘ) দরপত্র মূল্যায়ন কমিটির সদস্যদের সম্মানী | ৮০,০০০.০০ | ২৫,০০০.০০ | ২২,৮০০.০০ |
| ৫৪ | | ঙ) পরামর্শকের সম্মানী | ১,০০,০০০.০০ | -- | -- |
| ৫৫ | | চ) কর্মকর্তা/ কর্মচারী নিয়োগ/পদোন্নতি এবং চাকুরী নিয়মিতকরণ/ স্থায়ীকরণ বিষয়ক কমিটির সদস্যদের সম্মানী | ৫০,০০০.০০ | ১,০৪,০০০.০০ | ১,০৪,০০০.০০ |
| ৫৬ | | ছ) সাপোর্ট স্টাফ এর ফি/সম্মানী | -- | ১২,৬০০.০০ | ১২,৬০০.০০ |
| ৫৭ | | জ) শুদ্ধাচার (সম্মানী/ পুরস্কার) | -- | ৬১,০০০.০০ | ৪৯,৩৭০.০০ |
| ৫৮ | ৪৮৮৯ | অডিট ফি | ১,৫০,০০০.০০ | -- | -- |
| ৫৯ | | আউট সোর্সিং (যানবাহন ভাড়া, নিরাপত্তা প্রহরী , ক্লিনিং ইত্যাদি) | ৩,০০,০০০.০০ | -- | -- |
| ৬০ | | লোকবল নিয়োগ সংক্রান্ত প্রতিষ্ঠান নিয়োগ | ৫,০০,০০০.০০ | ১০,৩১,২৫০.০০ | ১০,৩১,২৫০.০০ |
| ৬১ | | ফিল্ড ভিজিট | ১,৫০,০০০.০০ | -- | -- |
| ৬২ | | ব্যাগ ক্রয় (প্রশিক্ষণার্থীদের জন্য) | ৪,০০,০০০.০০ | ৩,৩১,৫৫৫.০০ | ৩,৩১,৩০৫.০০ |
| ৬৩ | | আইন ও মোকদ্দমা সংক্রান্ত | ৩০,০০০.০০ | -- | -- |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ৬৪ | ৪৮৯৯ | অন্যান্য ব্যয় | ২,৫০,০০০.০০ | ২,৫০,০০০.০০ | ১,৭৬,৮০৯.৩০ |
| | উপমোট : | | ১,০২,৯০,০০০.০০ | ১,১১,৪১,৪১৪.২২ | ১,০৪,২৪,০১৯.২৯ |
| | ৪৯০০ মেরামত, সংরক্ষণ ও পুনর্বাসন | | | | |
| ৬৫ | ৪৯০১ | মোটর যানবাহন | ৭০,০০০.০০ | ৩৫,০০০.০০ | ৩৩,৩৫০.০০ |
| ৬৬ | ৪৯০৬ | আসবাবপত্র | ১,৫০,০০০.০০ | ৩,৫০০.০০ | ২,১০০.০০ |
| ৬৭ | ৪৯১১ | কম্পিউটার ও অফিস সরঞ্জাম | ১,০০,০০০.০০ | ৫০,০০০.০০ | ৪৯,৫২৮.০০ |
| ৬৮ | ৪৯১৬ | যন্ত্রপাতি ও সরঞ্জাম | ৬০,০০০.০০ | ৪০,০০০.০০ | ৩৭,৩১৪.০০ |
| ৬৯ | | বৈদ্যুতিক সরঞ্জাম ক্রয় মেরামত ও রক্ষণাবেক্ষণ | ৫০,০০০.০০ | ৭০,০০০.০০ | ৫৯,৭৪৩.২০ |
| ৭০ | ৪৯২১ | অফিস ভবন | ৩০,০০০.০০ | ৫,০০০.০০ | -- |
| ৭১ | ৪৯৫৬ | টেলিযোগাযোগ সরঞ্জাম | ২০,০০০.০০ | ২০,০০০.০০ | -- |
| ৭২ | ৪৯৯১ | অন্যান্য মেরামত ও সংরক্ষণ (পানির লাইন সংস্কার/বর্ধিত করণসহ) | ৫০,০০০.০০ | ৫,০০০.০০ | -- |
| | উপমোট : | | ৫,৩০,০০০.০০ | ২,০৮,৫০০.০০ | ১,৮২,০৩৫.২০ |
| | ৬৩০০ অবসর ভাতা ও আনুতোষিক | | | | |
| ৭৩ | ৬৩১১ | আনুতোষিক | ১৬,৫০,০০০.০০ | ১,০৩,১৮৭.০১ | ১,০৩,১৮৭.০১ |
| | ৬৮০০ সম্পদ সংগ্রহ / ক্রয় | | | | |
| ৭৪ | ৬৮০১ | অফিস ভবন | -- | -- | -- |
| ৭৫ | ৬৮০৫ | অন্যান্য ভবন | -- | -- | -- |
| ৭৬ | ৬৮০৭ | মোটরযান | ২,০০,০০০.০০ | -- | -- |
| ৭৭ | ৬৮১৩ | যন্ত্রপাতি ও অন্যান্য সরঞ্জাম | -- | -- | -- |
| ৭৮ | ৬৮১৫ | কম্পিউটার ও যন্ত্রাংশ | ৫,০০,০০০.০০ | ১,০০,০০০.০০ | ৭২,৭৫০.০০ |
| ৭৯ | ৬৮১৭ | কম্পিউটার সফটওয়্যার | ১,৮০,০০০.০০ | ১,৮০,০০০.০০ | -- |
| ৮০ | ৬৮১৯ | অফিস সরঞ্জাম | -- | -- | -- |
| ৮১ | ৬৮২১ | আসবাবপত্র | ৫০,০০০.০০ | ২৪,৯২১.০০ | ২৪,৯২১.০০ |
| ৮২ | ৬৮২৭ | সোলার প্যানেল স্থাপন | ১৫,০০,০০০.০০ | ১৫,০০,০০০.০০ | ১০,৭৮,৪৯৫.৩০ |
| | উপমোট : | | ২৪,৩০,০০০.০০ | ১৮,০৪,৯২১.০০ | ১১,৭৬,১৬৬.৩০ |
| | ৭০০০ নির্মাণ পূর্ত | | | | |
| ৮৩ | ৭০০৬ | অফিস ভবন | -- | -- | -- |
| ৮৪ | ৭০১৬ | অন্যান্য ভবন ও অবকাঠামো | -- | -- | -- |
| | উপমোট : | | -- | - - | -- |
| | সর্বমোট : | | ৩,৩৯,৬০,০০০.০০ | ৩,৩১,৭৪,০২২.২৩ | ২,৯০,১০,৭৮৫.৫১ |